



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



তারিখ : ০৫/০২/২০২০ খ্রি :

প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউইএসির আয়োজনে শুরু হয়েছে ২ দিনব্যাপী ওয়ার্কশপ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউইএসির আয়োজনে “কারিকুলাম ডেভেলপমেন্ট অ্যান্ড রিভিউ” বিষয়ে শুরু হয়েছে ২ দিনব্যাপী ওয়ার্কশপ। অদ্য ০৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখ সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে ওয়ার্কশপের উদ্বোধন করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় এক সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উচ্চ শিক্ষাকে জনগণের দোড়গোঁড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে প্রতিটি জেলায় জেলায় বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন। পাশাপাশি উচ্চ শিক্ষাকে আরও আধুনিকায়নের জন্য গঠন করেছেন অ্যাক্রেডিটেশন কাউন্সিল। আমরা যারা বিশ্ববিদ্যালয়ের সাথে জড়িত আছি আমাদেরকে পাঠ্যক্রম এমনভাবে সাজাতে হবে যাতে করে শিক্ষার্থীরা আগামীর চ্যালেঞ্জ মোকাবেলায় পারদর্শী হয় এবং একটি সুখী ও সমৃদ্ধশালী দেশ গঠনে নিজেদেরকে সুনামগরিক হিসেবে গড়ে তুলতে পারে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউইএসির পরিচালক সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: মুহসিন উদ্দীন এর সভাপতিত্বে ওয়ার্কশপে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সম্মানিত সদস্য প্রফেসর ড. এস এম কবির। ওয়ার্কশপে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সম্মানিত চেয়ারম্যানবৃন্দ, বিভিন্ন বিভাগের সেল্ফ অ্যাসেসমেন্ট কমিটির সদস্য এবং আইকিউইএসির সহকারী পরিচালক আরাফাত শাহরিয়ার উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস